

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
প্রজ্ঞাপন

তারিখঃ ২৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/১২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-১২০-আইন/২০১৯।—মহানগর দায়রা জজ আদালত, ঢাকা-এ বিচারার্থীন বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৩৮৬/১৬ যাহা দারুসসালাম থানার মামলা নং-২৯(২)১৫, বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ (১৯৭৪ সনের ১৪ নং আইন) এর ধারা ১৫(৩)/২৫ঘ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে পরিচালিত হইতেছে। নিরাপত্তা জনিত কারণে Code of Criminal Procedure, 1898(Act.V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মহানগর দায়রা জজ আদালত, ঢাকা এ বিচারার্থীন বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৩৮৬/১৬ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবন-কে অস্থায়ী আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, মহানগর দায়রা জজ আদালত, ঢাকা-এ বিচারার্থীন বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-৩৮৬/১৬ এর বিচার কার্যক্রম কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবনের অস্থায়ী আদালতে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
যুগ্মসচিব(প্রশাসন-১)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৫৮১)

মূল্য : টাকা ৪.০০